

বিএফআইইউ সার্কুলার নং-৩১

তারিখ : ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী

সকল TREC Holder, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান ও সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠান।

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের (TREC Holder, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান ও সম্পদ ব্যবস্থাপক) জন্য অনুসরণীয় নির্দেশনা সম্পর্কিত মাস্টার সার্কুলার।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১৫ সালের সংশোধনসহ) এর ধারা (২) (ব) (খ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনসহ) এর ধারা (২) (২০) (খ) মোতাবেক (১) স্টক ডিলার ও স্টক ব্রোকার (বর্তমানে TREC Holder হিসেবে অভিহিত), (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার (৩) সিকিউরিটিজ কাস্টডিয়ান এবং (৪) সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠানসমূহ কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। এক্ষেপে, বর্ণিত আইনদ্বয়ের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত আইনদ্বয় ও আইনদ্বয়ের আওতায় জারীকৃত বিধিমালা সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনের নিমিত্তে পুঁজিবাজার সংশ্লিষ্ট রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো :

১। পরিপালন কাঠামো:

১.১ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা:

মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড বিবেচনায়, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনাবলীর সমন্বয়ে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি TREC Holder, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান ও সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠানের (পরবর্তীতে পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নামে অভিহিত) নিজস্ব নীতিমালা থাকবে যা তাদের পরিচালনা পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হবে। প্রতিষ্ঠানসমূহ উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনবে এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়াও প্রতিষ্ঠানসমূহ মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী অনুযায়ী সময় সময় নীতিমালাটি পর্যালোচনা করবে ও প্রযোজ্য ক্ষেত্রে, সংশোধন বা পরিমার্জন করবে।

১.২ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে অঙ্গীকার ঘোষণা:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল বিভাগ/শাখার কর্মকর্তা/কর্মচারীদের উদ্দেশ্যে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার (Commitment) ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন।

১.৩ ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি (Risk Management):

(১) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি সূচরুপে ব্যবস্থাপনার লক্ষ্যে এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১৫ সালের সংশোধনীসহ) ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ এর সংশোধনীসহ) এর বিধানাবলী যথায়থ পরিপালনার্থে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের প্রধান কার্যালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তার নেতৃত্বে (যিনি Chief Anti Money Laundering Compliance Officer সংক্ষেপে CAMLCO নামে অভিহিত হবেন) দুই বা ততোধিক কর্মকর্তার সমন্বয়ে একটি কেন্দ্রীয় পরিপালন ইউনিট (Central Compliance Unit: CCU) গঠন করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, শাখা পর্যায়ে শাখা পরিপালন কর্মকর্তা (Branch Anti Money Laundering Compliance Officer সংক্ষেপে BAMLCO) মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রীয় পরিপালন ইউনিট এর কর্মপরিধি ও কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিক কৌশল (Strategy) ও কর্মসূচী (program) নির্ধারণ/ঘোষণা করবে; যা প্রতিষ্ঠানের সর্বোচ্চ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। ঘোষিত প্রাতিষ্ঠানিক কৌশল (Strategy) ও কর্মসূচী (program) সময়ে সময়ে পর্যালোচনা ও হালনাগাদ করতে হবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট মানিলন্ডারিং প্রতিরোধের দৃষ্টিকোণ থেকে গ্রাহকের পরিচিতি (Know Your Client), রেকর্ড সংরক্ষণ (Record Keeping), লেনদেন পরিবীক্ষণ ও রিপোর্টকরণ (Transaction Monitoring & Reporting), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (Internal Control), নীতি (Policies) ও পদ্ধতিসমূহের (Procedures) সমন্বয়ে স্ব স্ব প্রতিষ্ঠানের ব্যবসার আকার, ধরণ ও প্রকৃতি ইত্যাদি বিবেচনায় একটি পূর্ণাঙ্গ গাইডলাইন্স প্রণয়ন এবং বাস্তবায়ন করবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে, শাখাসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনাবলী প্রদান করবে।

(২) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ান্তে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত প্রণীত ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা নিরূপণের লক্ষ্যে Independent Audit এর ব্যবস্থা করবে।

(৩) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান প্রতি ০৩ (তিন) মাস অন্তর প্রধান কার্যালয়/শাখার কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজন করবে। উক্ত সভায় প্রধান কার্যালয়/শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে যথায়থ পদক্ষেপ গ্রহণকরতঃ তা বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করবে।

২। গ্রাহক নির্বাচন নীতিমালা (Customer Acceptance Policy):

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানের একটি সুনির্দিষ্ট গ্রাহক নির্বাচন নীতিমালা (Customer Acceptance Policy) থাকতে হবে, যা পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধ বিষয়ক মূল নীতিমালার অংশ হতে পারে। উক্ত নীতিমালায় অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবেঃ

(১) বেনামে বা ছদ্মনামে বা শুধুমাত্র নম্বরযুক্ত কোন গ্রাহককে সেবা প্রদান করা যাবে না; এবং

(২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজলুশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন, ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার ও তাতে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তাকে সেবা প্রদান করা যাবে না। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/committees/consolidated_list.html ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোন ব্যক্তি বা সত্তাকে বুঝাবে;

(৩) এ বিষয়ে বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা অনুসরণীয় হবে।

৩। গ্রাহক:

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে :

ক. পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা গ্রহণের জন্য কোনরূপ ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী বা হিসাব পরিচালনাকারী এমন যে কোন ব্যক্তি বা সত্তা;

খ. বিদ্যমান আইনী কাঠামোর আওতায় হিসাব পরিচালনাকারী, ম্যান্ডেট প্রাপ্ত ব্যক্তি বা ব্যবসায়িক সম্পর্ক কোন পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক পরিচালিত হলে উক্ত হিসাব পরিচালনাকারী বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী বা লেনদেনের/হিসাবের প্রকৃত সুবিধাভোগীও গ্রাহক হিসেবে বিবেচিত হবেন; এবং

গ. বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে সংজ্ঞায়িত ব্যক্তি বা সত্তা।

৪। গ্রাহক পরিচিতি:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্যে গ্রাহক পরিচিতি ও গ্রাহক পরিচিতির তথ্য যাচাই প্রক্রিয়ার নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করবে:

(১) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন বিষয়ক ঝুঁকি প্রতিরোধে প্রতিষ্ঠানের সকল গ্রাহকের (ব্যক্তি অথবা সত্তা) পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য নির্ভরযোগ্য সূত্র^১ হতে সংগ্রহ করতে হবে। প্রতিষ্ঠানসমূহ যাতে মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকির সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ এবং যাচাই প্রক্রিয়া (Know Your Customer-KYC) ‘পরিশিষ্ট-ক’ -এ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সম্পাদন করতে হবে। তবে আধুনিক প্রযুক্তির ব্যবহার সুবিধাজনক বিবেচনায়, প্রযোজ্য ক্ষেত্রে, বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on Electronic Know Your Customer (e-KYC) for Insurance Companies and Capital Market Intermediaries (CMIIs) এ বর্ণিত আধুনিক প্রযুক্তির ব্যবহার বা সহায়তা গ্রহণ করা যাবে। যে ক্ষেত্রে ইলেকট্রনিক মাধ্যম ব্যবহার করে হিসাব খোলা সম্ভব হবে না সে ক্ষেত্রে হার্ড কপি হিসাব খোলার ফরম ব্যবহার করা যাবে;

(২) প্রতিষ্ঠানের সকল গ্রাহকের (ব্যক্তি অথবা সত্তা) পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংরক্ষণ করবে। উল্লেখ্য, পূর্ণাঙ্গ বলতে গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। অপরদিকে সঠিক বলতে হিসাব খোলার সময় গ্রাহক প্রদত্ত গ্রাহকের পরিচিতির তথ্য/ডকুমেন্টস এর সঠিকতা যাচাই করাকে বুঝাবে;

(৩) সংশ্লিষ্ট সিকিউরিটিজ কাস্টডিয়ান প্রতিষ্ঠানসমূহ তাদের Correspondent Bank এর Underlying Customer দের প্রয়োজনীয় সেবা প্রদানের ক্ষেত্রে উক্ত Underlying Customer এর পরিচিতির প্রয়োজনীয় তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র (চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের অঙ্গীকারসহ) সংগ্রহ ও সংরক্ষণ করবে। এছাড়াও Non Resident Taka Account (NITA) বা কাস্টডিয়ান হিসাবের মাধ্যমে তৃতীয় পক্ষের অনুকূলে শেয়ার/সিকিউরিটিজ এর বিক্রয়লব্ধ অর্থ প্রেরণের ক্ষেত্রে বেনিফিশিয়ারীর পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংরক্ষণ করতে হবে;

^১ নির্ভরযোগ্য সূত্র বলতে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ডাটাবেজ, যথা- জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, জন্ম সনদ, সরকারি ডাটাবেজ ইত্যাদিকে বুঝাবে।

- (৪) সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে গ্রাহক পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংরক্ষণ করতে হবে;
- (৫) পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংরক্ষণ করতে হবে; এবং
- (৬) ২০১০ সালের ৩০ সেপ্টেম্বর এর পূর্বে খোলা হিসাবসমূহের (বর্তমানে চলমান) গ্রাহক পরিচিতি হালনাগাদকরণের অংশ হিসেবে সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে।

৪.১ গ্রাহক সম্পর্কিত সতর্কতামূলক ব্যবস্থা (Customer Due Diligence):

- (১) Customer Due Diligence (CDD) বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি যাচাইকরণ ও হিসাবের লেনদেন পরিবীক্ষণ করাকে বুঝাবে। উল্লেখ্য যে, গ্রাহকের যথাযথ পরিচিতি/পরিচিতির তথ্য সংগ্রহ এবং উহা যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।
- (২) গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-
 - (ক) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
 - (খ) বিদ্যমান গ্রাহকের সাথে আর্থিক লেনদেন সংঘটনের সময়;
 - (গ) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতঃপূর্বে গ্রাহকের পরিচিতির সপক্ষে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত নয় বা সঠিক নয়; এবং
 - (ঘ) কোন লেনদেন মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত এরূপ সন্দেহ হলে।
- (৩) গ্রাহকের পরিচিতি এবং প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের সম্ভ্রুতি সাপেক্ষে পর্যাপ্ত (পূর্ণাঙ্গ ও সঠিক) তথ্য সংগ্রহ করবে। “প্রতিষ্ঠানের সম্ভ্রুতি সাপেক্ষে” বলতে বিদ্যমান নির্দেশনার আলোকে গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও দলিলাদি সংগ্রহপূর্বক CDD সম্পন্ন করা হয়েছে মর্মে যথাযথ কর্তৃপক্ষকে সম্ভ্রুতি করাকে বুঝাবে।
- (৪) যদি গ্রাহকের পক্ষে অন্য কোন ব্যক্তি সেবা গ্রহণ করে বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করে বা হিসাব পরিচালনা করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ করতে হবে।
- (৫) গ্রাহকের পক্ষে ট্রাস্টি ও পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক পরিচালিত হিসাবের ক্ষেত্রে বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের আইনগত অবস্থান পর্যালোচনা ও তার যথার্থতা নিরূপণপূর্বক সংশ্লিষ্ট সকলের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে।
- (৬) যেসব দেশ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা মান পূরণে তাৎপর্যপূর্ণ ঘাটতি রয়েছে (যেমন ৪ ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্সের পাবলিক ডকুমেন্টে High-Risk Jurisdictions Subject to Call for Action (Black List) এবং Jurisdictions under Increased Monitoring (Grey List) হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের কোন ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি বা যে কোন প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বিদ্যমান সম্পর্ক বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে ৪.৪ নং অনুচ্ছেদ মোতাবেক অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence) গ্রহণ করতে হবে।

৪.২ হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner):

- (১) হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণপূর্বক পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের আলোকে তাদের পরিচিতি নিশ্চিত করবে;

- (২) যদি কোন গ্রাহকের পক্ষে অন্য কোন ব্যক্তি হিসাব বা ব্যবসায়িক সম্পর্ক পরিচালনা করে, সে ক্ষেত্রে হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় গ্রাহক ছাড়াও উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- (৩) যদি কোন প্রাতিষ্ঠানিক গ্রাহকের উপর কোন ব্যক্তির (একক বা সম্মিলিতভাবে) নিয়ন্ত্রণযোগ্য স্বার্থ থাকে সে ক্ষেত্রে উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- (৪) কোম্পানীর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শেয়ার হোল্ডার অথবা ২০% বা তদুর্ধ্ব একক শেয়ারহোল্ডারকে হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় তার/তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
- (৫) হিসাবের প্রকৃত সুবিধাভোগী নির্ধারণ ও তদপ্রেক্ষিতে গৃহীত পদক্ষেপসমূহ গ্রহণের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidelines on Beneficial Ownership এ বর্ণিত বিষয়াবলী অনুসরণীয় হবে; এবং
- (৫) হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় ট্রাস্টের নিয়ন্ত্রণকারী/নিয়ন্ত্রণকারীগণের পরিচিতির প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করতে হবে।

৪.৩ Customer Due Diligence সম্পাদন করা সম্ভব না হলে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের করণীয়:

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবে:

- (১) উক্তরূপ গ্রাহককে সেবা প্রদান না করা বা প্রয়োজনে বিদ্যমান সেবা বন্ধ করা অথবা কোন ব্যবসায়িক সম্পর্ক স্থাপন না করা;
- (২) বিদ্যমান এরূপ সেবা বন্ধ করার ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা এবং সেবা বন্ধ করার পূর্বে সেবা বন্ধকরণের কারণ উল্লেখপূর্বক গ্রাহককে নোটিশ প্রদান করা;
- (৩) ক্ষেত্রমত এরূপ গ্রাহকের বিষয়ে বিএফআইইউ বরাবরে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করা।

৪.৪ অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence):

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তির সকল জটিল, অস্বাভাবিক বা বৃহদাংকের লেনদেন (যথাযথ আর্থিক বা আইনগত উদ্দেশ্য অনুপস্থিত) নিয়মিতভাবে পর্যবেক্ষণ করবে। যেসকল ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি অধিকতর মর্মে প্রতীয়মান হবে সেসব ক্ষেত্রে প্রতিষ্ঠানকে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence :EDD) সম্পাদন করতে হবে। নিম্নলিখিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য EDD করা বাঞ্ছনীয়:

- PEP এবং IP দের জন্য
- জটিল কর্পোরেট কাঠামো^২
- মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে অসহযোগিতামূলক এবং ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাঙ্কফোর্স কর্তৃক প্রকাশিত ঝুঁকিপূর্ণ দেশসমূহের জনসাধারণ এবং হিসাব

EDD সম্পাদনের নিমিত্ত পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো CDD এর অতিরিক্ত হিসেবে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করবে:

- (১) গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তি/সত্তার সম্বন্ধে অতিরিক্ত তথ্য (পেশা, সম্পদের পরিমাণ, ইন্টারনেট বা বিভিন্ন পাবলিক ডাটাবেজ হতে সংগৃহীত তথ্য ইত্যাদি) নির্ভরযোগ্য ও নিরপেক্ষ উৎস হতে সংগ্রহ করবে এবং নির্দিষ্ট বা নির্ধারিত বিরতিতে হালনাগাদ করবে;

^২ জটিল কর্পোরেট কাঠামো হলো এমন একটি বহুস্তর বিশিষ্ট ও অস্বচ্ছ ব্যবসায়িক বিন্যাস, যেখানে একাধিক কোম্পানি, ট্রাস্ট, হোল্ডিং বা অফশোর সত্তার মাধ্যমে মালিকানা ও নিয়ন্ত্রণ পরিচালিত হয়।

- (২) গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের উদ্দেশ্য সম্পর্কে অতিরিক্ত তথ্য সংগ্রহপূর্বক নিশ্চিত হবে;
- (৩) গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারীর অর্থের উৎস বা সম্পদের পরিমাণ সম্পর্কে তথ্য সংগ্রহ করবে;
- (৪) গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী কর্তৃক সম্পাদিত বা সম্পাদিতব্য লেনদেন সম্পর্কিত তথ্য সংগ্রহ করবে;
- (৫) উপযুক্ত/উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করবে; এবং
- (৬) গ্রাহক বা ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারীর লেনদেন/লেনদেনসমূহ নিয়মিত ও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এবং ভবিষ্যত লেনদেন পর্যবেক্ষণের পদ্ধতি নির্ধারণ করবে।

৪.৫ সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহকের (Non face to face customer) ক্ষেত্রে করণীয়:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময়ে সময়ে তা পর্যালোচনা করবে। সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহক বলতে ঐ সকল গ্রাহককে বুঝাবে যারা প্রতিষ্ঠানে সশরীরে উপস্থিত না হয়ে প্রতিষ্ঠানের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্টেন্ট ইত্যাদি) মাধ্যমে সেবা গ্রহণ করে থাকে।

৪.৬ Politically Exposed Persons (PEPs) এর ক্ষেত্রে করণীয়:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো Politically Exposed Persons (PEPs) এর হিসাব খোলা ও হিসাব পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের ৪.১, ৪.২, ৪.৩ ও ৪.৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

- ক. গ্রাহকের প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নির্ধারণের উপযুক্ত পদ্ধতি প্রবর্তন করা;
- খ. উপযুক্ত/উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে PEPs এর সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করা বা বিদ্যমান সম্পর্ক অব্যাহত রাখা;
- গ. কোন PEP এর হিসাবের অর্থ বা সম্পদের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা;
- ঘ. তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে পরিবীক্ষণ করা; এবং

ঙ. Foreign Exchange Regulation Act, ১৯৪৭ ও এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত অনিবাসীদের হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় বিধিবিধান যথারীতি পরিপালন করা। উল্লেখ্য, Politically Exposed Persons (PEPs) বলতে “individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে। PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তি (close associates) ক্ষেত্রেও উপরোক্ত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘PEPs’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না। PEPs গণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসর/অব্যাহতির পর অন্তত এক বছর পর্যন্ত PEPs হিসেবে বিবেচিত হবেন।

৪.৭ প্রভাবশালী ব্যক্তির (Influential Persons) ক্ষেত্রে করণীয়:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী প্রভাবশালী কোন ব্যক্তি কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে ৪.১, ৪.২ ও ৪.৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত

নির্দেশনা অনুসরণের পাশাপাশি অনুচ্ছেদ ৪.৬ এর খ হতে ও ক্রমিক বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে। উল্লেখ্য, প্রভাবশালী ব্যক্তি বলতে “individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে। প্রভাবশালী কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘প্রভাবশালী ব্যক্তি’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না। IPs গণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসর/অব্যাহতির পর অন্তত এক বছর পর্যন্ত IPs হিসেবে বিবেচিত হবেন।

৪.৮ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয়:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে ৪.১, ৪.২ ও ৪.৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি অনুচ্ছেদ ৪.৬ এর খ হতে ও ক্রমিক বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে। উল্লেখ্য, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে “persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the board or equivalent functions” কে বুঝাবে। আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘আন্তর্জাতিক সংস্থার প্রধান’ বা ‘উচ্চ পর্যায়ের কর্মকর্তা’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না। আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ তাদের চাকুরী/দায়িত্ব থেকে অবসর/অব্যাহতির পর অন্তত এক বছর পর্যন্ত আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

৪.৯ PEPs সংক্রান্ত অন্যান্য নির্দেশনা:

অনুচ্ছেদ ৪.৬, ৪.৭ ও ৪.৮ এর নির্দেশনা পরিপালনের ক্ষেত্রে বিএফআইইউ কর্তৃক জারীকৃত Guidance Notes on Politically Exposed Persons (PEPs) for all Reporting Organizations এ বর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে।

৫। নতুন সেবা বা প্রযুক্তি (New Service or Technology) গ্রহণের ক্ষেত্রে করণীয়:

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোন সেবা বা পদ্ধতি প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে সেবার প্রচলন বা উন্নয়নের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সেবা বা পদ্ধতি প্রবর্তনে মানিফেস্টারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে ঝুঁকি রয়েছে কিনা তা চিহ্নিত করবে, ঝুঁকির মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৬। লেনদেন পরিবীক্ষণ:

- (১) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ গ্রাহকের লেনদেন নিয়মিত পরিবীক্ষণ করবে।
- (২) সকল জটিল, স্বাভাবিকের তুলনায় অসামঞ্জস্যপূর্ণ এবং আপাতদৃষ্টিতে যে সকল লেনদেনের কোন আর্থিক বা দৃষ্টিগ্রাহ্য বৈধ উদ্দেশ্য নেই এরূপ লেনদেন অধিকতর গুরুত্ব সহকারে পরিবীক্ষণ করতে হবে।
- (৩) নির্দিষ্ট সময় অন্তর অন্তর গ্রাহকের ঝুঁকি পর্যালোচনা করার জন্য একটি কার্যকর পদ্ধতি/ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সে অনুযায়ী উচ্চ ঝুঁকিসম্পন্ন হিসেবে শ্রেণীকৃত গ্রাহকের ক্ষেত্রে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা বা Enhanced Due Diligence (EDD) অবলম্বন করতে হবে।

৭। সন্দেহজনক লেনদেন রিপোর্ট (Suspicious Transaction Report-STR):

- (১) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন।
- (২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন।
- (৩) প্রয়োজ্যক্ষেত্রে, পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের শাখার যে কোন কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হওয়ার সাথে সাথে তা শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে (BAMLCO) লিখিতভাবে অবহিত করতে হবে। শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত লেনদেন বা কার্যক্রম অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করবেন এবং পর্যবেক্ষণসমূহ বিশদভাবে লিপিবদ্ধ করবেন। বর্ণিত লেনদেন বা কার্যক্রমটি বিশ্লেষণপূর্বক তা সন্দেহজনক হিসেবে বিবেচিত হলে অবিলম্বে মন্তব্যসহ প্রয়োজনীয় দলিলাদি কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করবেন এবং সন্দেহজনক হিসেবে বিবেচিত না হলে মন্তব্যসহ শাখায় সংরক্ষণ করতে হবে।
- (৪) কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখা হতে প্রাপ্ত সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমটি যথাযথভাবে ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদি সন্নিবেশিত করে রিপোর্ট করা হয়েছে কিনা তা পর্যালোচনা করে goAML Manual এর নির্দেশনা অনুসারে অবিলম্বে goAML web ব্যবহার করে সন্দেহজনক লেনদেন রিপোর্ট প্রেরণ করবে। goAML web এ রিপোর্ট প্রদান করা সম্ভব না হলে 'পরিশিষ্ট-খ' তে সংযুক্ত ফরম ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদিসহ বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করা যাবে।
- (৫) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ রিপোর্টকৃত সন্দেহজনক লেনদেন সংক্রান্ত তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে।
- (৬) সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ বা রিপোর্ট করার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিষয়টির কঠোর গোপনীয়তা নিশ্চিত করবেন। সন্দেহজনক লেনদেন/কার্যক্রম বিএফআইইউ বরাবর প্রেরণের বিষয়ে প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা/কর্মচারী কোনো পর্যায়েই গ্রাহক বা অন্য কোনো ব্যক্তির কাছে প্রকাশ করবেন না এবং এমন কোনো আচরণ করবেন না যাতে সংশ্লিষ্ট গ্রাহক হিসাবের লেনদেন/কার্যক্রমের বিষয়ে সতর্ক হতে পারে।
- (৭) শাখা পর্যায়ে কোন লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক হিসেবে চিহ্নিত না হলেও কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক কোন লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক প্রতীয়মান হলে অনুচ্ছেদ ৭(৪) মোতাবেক সন্দেহজনক লেনদেন রিপোর্ট বিএফআইইউ বরাবর দাখিল করতে হবে।

৮। Self Assessment এবং Independent Testing Procedures:

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরী ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান নিজস্ব মানিলভারিং প্রতিরোধ কার্যক্রমের যথার্থতা যাচাইয়ের জন্য পরিশিষ্ট “গ” এ সংযুক্ত চেকলিস্ট মোতাবেক অর্ধবার্ষিক ভিত্তিতে (জানুয়ারি-জুন ও জুলাই-ডিসেম্বর) Self Assessment কার্যক্রম পরিচালনা করবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রধান কার্যালয়সহ সকল শাখার (প্রযোজ্য ক্ষেত্রে) Self Assessment কার্যক্রম হতে প্রাপ্ত ফলাফলের একটি সারসংক্ষেপ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী ও অপর একটি কপি পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বিএফআইইউ বরাবরে প্রেরণ করবে। এছাড়াও, প্রযোজ্য ক্ষেত্রে, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে Independent Testing Procedures যথাযথভাবে সম্পন্ন করবে। একাধিক শাখা সম্বলিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনা এবং এ বিষয়ক নিজস্ব নীতিমালা সম্পর্কে সম্যক জ্ঞান রয়েছে এমন ব্যক্তিদের সমন্বয়ে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগে পর্যাপ্ত লোকবল নিশ্চিত করতে হবে।

৮.১. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয়:

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ Independent Testing Procedures কার্যক্রম সম্পাদনের জন্য পরিশিষ্ট “গ” এ সংযুক্ত চেকলিস্ট এর ভিত্তিতে সংশ্লিষ্ট শাখার মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করবে;
- (২) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরিদর্শিত/নিরীক্ষিত শাখাসমূহের রেটিং সম্বলিত প্রতিবেদনের কপি প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে প্রেরণ করবে; এবং
- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের পরিদর্শনে কোনো গ্রাহকের হিসাবে সন্দেহজনক লেনদেন/কার্যক্রম পরিলক্ষিত হলে তা অবিলম্বে CCU/CAMLCO কে অবহিত করবে।

৮.২. কেন্দ্রীয় পরিপালন ইউনিটের করণীয়:

কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে বিবেচ্য ঝান্সাসিকে পরিদর্শিত শাখাসমূহের চেকলিস্ট ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- ক. রিপোর্টকালে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক পরিদর্শিত/নিরীক্ষিত শাখাসমূহের অবস্থা;
- খ. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত সাধারণ ও বিশেষ অনিয়মসমূহ; এবং
- গ. প্রধান কার্যালয়ের/শাখার (প্রযোজ্য ক্ষেত্রে) Self Assessment কার্যক্রম হতে প্রাপ্ত ফলাফলের সাথে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/নিরীক্ষা প্রতিবেদনের সমন্বয় সাধন এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা নির্ধারণ।

৯. সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction):

- (১) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান পরিচালনা পর্যদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তার সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাব পরিচালনার প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি কার্যকর পদ্ধতি প্রতিষ্ঠা করবে, প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দায়দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা জারী করবে, সময়ে সময়ে তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে;

(২) সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সম্পর্কিত সংবাদ প্রকাশ হবার সাথে সাথে যাচাইপূর্বক উক্ত কর্মকাণ্ডের সাথে জড়িত কোনো ব্যক্তি বা সত্তার কোনো হিসাব পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করতে হবে;

(৩) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান এ সার্কুলারের ২(২) এ সংজ্ঞায়িত জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তার সংক্রান্ত অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করবে;

(৪) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোন রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তা গ্রাহক হিসেবে রয়েছে কিনা বা কোন লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন পরিবীক্ষণ করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তা গ্রাহক হিসেবে চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত গ্রাহকের লেনদেন, সেবা প্রদান বা Payment স্থগিতকরণপূর্বক অবিলম্বে বিএফআইইউকে অবহিত করবে;

(৫) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলেশন ১৩৭৩ (২০০১) এর আওতায় বিদেশী সরকার বা বিদেশী এফআইইউ এর অনুরোধে বিএফআইইউ হতে যাচিত বা উক্ত রেজুলেশনের আওতায় বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তা গ্রাহক হিসেবে রয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন/হিসাবের কার্যক্রম পরিবীক্ষণ করবে এবং প্রয়োজনে লেনদেন/হিসাবের কার্যক্রম পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তা গ্রাহক হিসেবে চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত গ্রাহকের লেনদেন, সেবা প্রদান বা Payment স্থগিতকরণপূর্বক অবিলম্বে বিএফআইইউকে অবহিত করবে; এবং

(৬) হিসাব খোলা ও লেনদেন পরিবীক্ষণ এর সময়ে প্রাথমিক যাচাইয়ে Positive Match এবং অধিকতর যাচাইয়ে Negative Match হলে উক্ত তথ্যাদি (False Positive) সংরক্ষণ করতে হবে।

১০। নিয়োগ ও প্রশিক্ষণ:

১০.১ নিয়োগ:

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারী নিয়োগকালে নির্বাচিত প্রার্থীর পরিচিতির তথ্য, সংশ্লিষ্ট ক্ষেত্রে তার অভিজ্ঞতা ও অন্যান্য সংশ্লিষ্টতা এবং এ সকল তথ্যের সমর্থিত দলিলাদি (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, প্রাতিষ্ঠানিক শিক্ষা ও অভিজ্ঞতার সনদের কপি, ইত্যাদি) সংগ্রহ, যাচাই ও Employee Screening করবে এবং এতদসংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণ করবে।

১০.২ প্রশিক্ষণ- কর্মকর্তা:

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক প্রতিষ্ঠান তাদের সকল কর্মকর্তাদের (মালিক/পরিচালক/ উর্ধ্বতন কর্তৃকর্তাগণও অন্তর্ভুক্ত হবেন) জন্য মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে এবং এ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে। এছাড়াও, নির্দিষ্ট সময় অন্তর অন্তর প্রতিষ্ঠান তার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য Refresher Training আয়োজন করবে।

১০.৩ প্রশিক্ষণ- গ্রাহক:

(১) পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের সেবা প্রদানের প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যৌক্তিকতার বিষয়ে অবহিত করবে এবং মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, সময়ে সময়ে লিফলেট বিতরণ এবং প্রতিটি শাখার (প্রয়োজ্য ক্ষেত্রে) দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার/ব্যানার স্থাপনের ব্যবস্থা করবে।

১১। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ:

(১) গ্রাহক সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য বা দলিলাদি গ্রাহক সেবা/ব্যবসায়িক সম্পর্ক বন্ধ হওয়ার তারিখ হতে অনূন ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(২) গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি, ব্যবসায়িক পত্র যোগাযোগ এবং কোন গ্রাহকের বিষয়ে কোন প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদিও গ্রাহকের সেবা বন্ধ হওয়ার তারিখ হতে অনূন ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(৩) সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করার ক্ষেত্রে যথেষ্ট/পর্যাপ্ত হতে হবে;

(৪) গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে গৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং লেনদেন সংক্রান্ত তথ্য ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করবে এবং আদালতের আদেশের মাধ্যমে কোন নির্দেশনা প্রদান করা হলে উক্ত নির্দেশনা যথাসময়ে পরিপালন করবে।

১২। পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জন্য ইতঃপূর্বে জারীকৃত নিম্নোক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনা বলবৎ থাকবেঃ


সার্কুলার/সার্কুলার লেটার নং	জারীর তারিখ	বিষয়
বিএফআইইউ সার্কুলার নং-০২	১৫ মার্চ ২০১২	মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ জারী প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার নং-০৭	১৪ জুলাই ২০১৩	সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ জারী প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৩/২০১৫	০৯ এপ্রিল ২০১৫	মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৩ এবং সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ প্রসঙ্গে
বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৬ ০৮/১২/২০১৫	০৮ ডিসেম্বর ২০১৫	মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর সংশোধনী জারী প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১	১১ ফেব্রুয়ারি ২০১৬	জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন বাস্তবায়ন প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০১	২৪ ফেব্রুয়ারি ২০১৯	মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৯ জারী প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার নং-২৯	৩০ মার্চ ২০২৬	ই-কেওয়াইসি গাইডলাইন প্রসঙ্গে।

১৩। অনুচ্ছেদ ১২ এ উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার ব্যতীত এ সার্কুলার জারীর পূর্বে পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের জন্য বিএফআইইউ কর্তৃক জারীকৃত অন্য সকল সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনা এ সার্কুলারের নির্দেশনা দ্বারা প্রতিস্থাপিত মর্মে বিবেচিত হবে। এছাড়াও, এ সার্কুলারে বর্ণিত নির্দেশনার বিশদ ব্যাখ্যার ক্ষেত্রে বিগত ৩০/১২/২০১২ তারিখে বিএফআইইউ সার্কুলার-৬ এর মাধ্যমে জারীকৃত গাইডলাইনের বিধানাবলীও অনুসরণ করতে হবে।

এ সার্কুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি : ১০ (দশ) পৃষ্ঠা।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)

পরিচালক (বিএফআইইউ)

ফোনঃ ৯৫৩০১৭০

প্রতিলিপি নংঃ বিএফআইইউ(পলিসি)-০৩/২০২৬-২০৩৬-৫২

তারিখ: উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-
(জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্র/এ, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, শিল্প ব্যাংক ভবন, ৮ ডিআইটি এভিনিউ, ঢাকা।
৪. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা ভবন-২, ১৩৯, মতিঝিল, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, ঢাকা।
৬. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, ৯/এফ, মতিঝিল, ঢাকা।
৭. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, ১০৮০, শেখ মুজিব রোড, আত্মবাদ, চট্টগ্রাম।
৮. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১০. সভাপতি, মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন, ইউসুফ চেম্বার (৭ম ফ্লোর), ২০ দিলকুশা, ঢাকা।
১১. চেয়ারম্যান/প্রেসিডেন্ট, এ্যাসেট ম্যানেজমেন্ট কোং এন্ড মিউচুয়াল ফান্ডস, প্রযত্নেঃ রেস পোর্টফোলিও এন্ড ইস্যু ম্যানেজমেন্ট লিঃ, লেভেল-১৩, বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১৪. নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
১৬. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৭. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী, মিরপুর, ঢাকা।



(মোঃ জয়নুল আবেদীন)

যুগ্মপরিচালক

ফোনঃ ২৫৫৬৬৫০০১-৬/২০৩১৪

গ্রাহকের পরিচিতি প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় তথ্যাদির নির্দেশক তালিকা।

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান হিসাব খোলার অব্যবহিত পরই গ্রাহকের পরিচিতির একটি পূর্ণাঙ্গ প্রোফাইল তৈরী এবং তা যথাযথভাবে সংরক্ষণ করবে। প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রস্তুতকৃত গ্রাহকের পরিচিতির এইরূপ তথ্যাবলী গ্রাহকের লেনদেন পরিবীক্ষণের (Transaction Monitoring) এর ভিত্তি হিসেবে বিবেচিত হবে। গ্রাহকের পরিচিতির একটি পূর্ণাঙ্গ প্রোফাইল তৈরীর ক্ষেত্রে হিসাব খোলার ফরমে গ্রাহক প্রদত্ত তথ্য, গ্রাহক কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন ডকুমেন্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের ব্যক্তিগত সাক্ষাৎকারের (Personal Interview) উপর গুরুত্ব আরোপ করা যেতে পারে। গ্রাহকের সঠিক পরিচিতি প্রতিষ্ঠার বিষয়ে পূর্ণ সন্তুষ্টি নিশ্চিত করার জন্য নিম্নোক্ত তথ্য ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ সকল তথ্যাদি এবং/অথবা অতিরিক্ত যে কোন প্রাসঙ্গিক তথ্যাদির সন্নিবেশ থাকতে হবেঃ

- ১) গ্রাহকের ব্যক্তিগত তথ্যাদি (যেমনঃ নাম, পিতা-মাতা/স্বামী-স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, TIN নম্বর (যদি থাকে)।
- ২) যোগাযোগের বিস্তারিত বিবরণ (টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল ইত্যাদি)।
- ৩) পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং ছবিযুক্ত আইডি কার্ড।
- ৪) গ্রাহকের পেশার বিস্তারিত বর্ণনা।
- ৫) গ্রাহক কর্তৃক লেনদেনকৃত অর্থের প্রকৃত উৎস (Source of Fund)।
- ৬) গ্রাহক পরিচালিত হিসাব/লেনদেনের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সংক্রান্ত তথ্যাবলী।

অব্যক্তিক গ্রাহকের ক্ষেত্রে সঠিক পরিচিতি প্রতিষ্ঠার নিমিত্তে নিম্নোক্ত প্রাসঙ্গিক তথ্যাদির সন্নিবেশ থাকতে হবেঃ

- ১) ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান : ট্রেড লাইসেন্সসহ হিসাব পরিচালনাকারীর (প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর) বিষয়ে ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।
- ২) পার্টনারশীপ : পার্টনারশীপ ডিড, ট্রেড লাইসেন্সসহ অংশীদারগণের পরিচিতির বিষয়ে প্রত্যেক পার্টনার/শেয়ারহোল্ডারের ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।
- ৩) লিমিটেড কোম্পানী : সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, বোর্ডের সভায় গৃহীত আনুষ্ঠানিক সিদ্ধান্ত (Resolution), পরিচালক সম্পর্কিত ঘোষণা এবং হিসাব পরিচালনাকারী বা হিসাবের সুবিধাভোগী বিবেচনায় প্রত্যেক পরিচালকের/শেয়ারহোল্ডারের ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে। (কোম্পানী বা এর পরিচালকগণ সংশ্লিষ্ট তথ্যাদির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে প্রয়োজনে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস্ এর সাহায্য গ্রহণ করা যেতে পারে। বাংলাদেশের বাইরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে নিবন্ধন দলিলাদি যে স্থান হতে ইস্যুকৃত হয়েছে, প্রয়োজনে সেখানে যোগাযোগ করে দলিলাদির যথার্থতা সম্পর্কে নিশ্চিত হওয়া যেতে পারে)।
- ৪) সরকারী হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগসহ), সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাব, বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত প্রকল্পের হিসাব : হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতি পত্রসহ হিসাব পরিচালনাকারী/হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।

৫) অন্যান্য সংগঠনের হিসাব :

ক) ক্লাব/সোসাইটি : অফিস কর্মকর্তাগণের বিবরণ (Office Bearers), বাই-লজ বা সংবিধান, রেজিস্টার্ড হলে সরকারী অনুমোদনপত্র ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারী/হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।

খ) সমবায় সমিতি/লিমিটেড সোসাইটি : কো-অপারেটিভ কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাই-লজ, অফিস কর্মকর্তাদের (Office Bearers) বিবরণ, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (Resolution), সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারী/হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।

গ) বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা : গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (Resolution) ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারী/হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।

ঘ) ট্রাস্টি : ডিড অব ট্রাস্ট এর সার্টিফাইড কপি, ট্রাস্টি বোর্ড এর সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (Resolution) ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারী/হিসাবের প্রকৃত সুবিধাভোগীর ব্যক্তিগত তথ্যাবলী যথাযথভাবে সংগ্রহ করতে হবে।

**SUSPICIOUS TRANSACTION REPORT (STR)
(INDIVIDUAL/JOINT CLIENT)**

A. Reporting Institution :

1. Name of the Institution:
2. Name of the Branch:

B. Details of Report:

1. Date of sending report:
2. Is this the addition of an earlier report? Yes ☐ No ☐
3. If yes, mention the date of previous report

C. Suspect Account Details :

1. BO Account Number:
2. Folio Number/Client Code:
3. Name of the account:
4. Nature of the account: (Margin/Non Margin/Portfolio/other, pls. specify)
5. Nature of ownership: (Individual/proprietorship/partnership/company/other, pls. specify)
6. Date of opening:
7. Address:

D. Account holder details (in case of Individual):

1. 1. Name of the account holder:
2. Address:
3. Profession (in details):
4. Nationality:
5. Other account(s) number (if any):
6. Other business:
7. Father's name:
8. Mother's Name:
9. Date of birth:
10. Contact: Mobile No/Email.

11. Bank account details:

12. TIN:

2. 1. Name of the account holder: (if joint/multiple)

2. Relation with the account holder mention in sl. no. D1

3. Address:

4. Profession:

5. Nationality:

6. Other account(s) number(if any):

7. Other business:

8. Father's name:

9. Mother's Name:

10. Date of birth:

11. Contact: Mobile No/Email:

12. Bank account details:

13. TIN:

E. Introducer Details :

1. Name of introducer:

2. BO and Client Code number:

3. Relation with account holder:

4. Address:

5. Date of opening:

6. Whether introducer is active/inactive client

F. Reasons for considering the transaction(s) as unusual/suspicious?

a. ☐ Identity of clients

b. ☐ Activity in account

c. ☐ Background of client

(Mention summary of suspicion and
consequence of events)

(Use separate sheet if needed)

- d. ☐ Multiple accounts
- e. ☐ Nature of transaction
- f. ☐ Value of transaction
- g. ☐ Other reason (Pls. Specify)

G. Name of the associates and volume of transaction

(Mention summary of suspicion and consequence of events)

(Use separate sheet if needed)

H. Documents to be enclosed

1. Account opening form along with submitted documents
2. KYC Profile;
3. Transaction Statement
4. Other supporting documents (if any)

Signature :
(Chief Anti Money Laundering
Compliance Officer)
Name :
Designation :
Phone :
Date :

**SUSPICIOUS TRANSACTION REPORT (STR)
(CORPORATE CLIENT)**

A. Reporting Institution :

1. Name of the Institution:
2. Name of the Branch:

B. Details of Report:

1. Date of sending report:
2. Is this the addition of an earlier report? Yes ☐ No ☐
3. If yes, mention the date of previous report

C. Suspect Account Details :

1. BO Account Number:
2. Folio Number/Client Code:
3. Name of the Legal Person:
4. Nature of the account: (Margin/Non Margin/Portfolio/other, pls. specify)
5. Nature of ownership: (Proprietorship/partnership/company/other, pls. specify)
6. Registration No.:
7. Registration No. & Authority :
8. Address in details:
9. Contact Details:
10. List of Related Directors/ Partners
(at least 2, with contact details) :
11. Bank Account Details:
12. TIN:
13. BIN:

D. Reasons for considering the transaction(s) as unusual/suspicious?

- a. ☐ Identity of clients
- b. ☐ Activity in account
- c. ☐ Background of client
- d. ☐ Multiple accounts
- e. ☐ Nature of transaction

(Mention summary of suspicion and consequence of events)

- f. ☐ Value of transaction
- g. ☐ Other reason (Pls. Specify)

E. Name of the associates and volume of transaction

(Mention summary of suspicion and consequence of events)

(Use separate sheet if needed)

F. Documents to be enclosed

1. Account opening form along with submitted documents
2. KYC Profile;
3. Transaction Statement
4. Other supporting documents (if any)

Signature :
(Chief Anti Money Laundering
Compliance Officer)

Name :

Designation :

Phone :

Date :

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম

----- প্রধান কার্যালয়/শাখা।

প্রধান কার্যালয়/শাখা কর্তৃক Self Assessment পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয়

পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা ও প্রতিষ্ঠানের নিজস্ব মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালার আলোকে নিম্নবর্ণিত প্রশ্নমালার বিস্তারিত উত্তর প্রদানের মাধ্যমে Self Assessment পদ্ধতিতে নিজেদের অবস্থান নির্ণয় করবেঃ

প্রশ্নমালা	যাচাইয়ের মানদণ্ড	শাখা/প্রধান কার্যালয়ের বর্তমান অবস্থা	গৃহীতব্য কার্যক্রম/সুপারিশ
১. প্রতিষ্ঠানে/শাখায় মোট কর্মকর্তার সংখ্যা কত (পদানুযায়ী)? কতজন কর্মকর্তা মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন? (শতকরা হার)	প্রশিক্ষণ সংক্রান্ত রেকর্ড যাচাই করতে হবে।		
২.ক) প্রতিষ্ঠানে/শাখায় CAMLCO/BAMLCO জেষ্ঠ্য ও অভিজ্ঞ কিনা? বিগত দুই বছরে তিনি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কোন প্রশিক্ষণ পেয়েছেন কিনা? খ) প্রতিষ্ঠানে/শাখায় মানিলন্ডারিং প্রতিরোধ কার্যক্রম যথানিয়মে পরিপালিত হচ্ছে এ বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে CAMLCO/BAMLCO নির্দিষ্ট ও গ্রহণযোগ্য সময় পর পর এবং কার্যকর প্রক্রিয়ায় মনিটরিং ও পর্যালোচনা করে থাকেন কিনা?	CAMLCO/BAMLCO কর্তৃক ▪ KYC কার্যক্রমের যথার্থতা মনিটরিং করা হয় কিনা? ▪ যথাযথভাবে Transaction মনিটরিং এবং সন্দেহজনক লেনদেন রিপোর্ট (ইন্টারনাল রিপোর্টসহ) করা হয় কিনা? ▪ যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করা হয় কিনা? ▪ STR সনাক্তকরণে ব্যবস্থা নেয়া হয় কিনা?		
৩. CAMLCO/BAMLCO প্রতিষ্ঠানের/শাখার কর্মকর্তাগণ মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নিজস্ব নীতিমালা	বিষয়টি যাচাইয়ের পদ্ধতি কী?		

সম্পর্কে অবহিত আছেন কি?			
৪. প্রতিষ্ঠান/শাখা পর্যায়ে ত্রৈমাসিক ভিত্তিতে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয় কিনা?	■ সভায় কী কী গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে? ■ সভায় গৃহীত সিদ্ধান্ত কিভাবে বাস্তবায়িত হয়?		
৫. সকল প্রকার হিসাব খোলা ও লেনদেন পরিচালনার ক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন এবং সময়ে সময়ে বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসারে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হয় কিনা ?	■ গ্রাহক পরিচিতির যথার্থতা কিভাবে যাচাই করা হয়? কিভাবে তা শাখায় সংরক্ষণ করা হচ্ছে? ■ KYC সম্পাদনকালে গ্রাহকের তহবিলের উৎস যাচাই করা হয় কিনা? ■ হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্ত করা হয় কিনা এবং তা যাচাই এর প্রক্রিয়া সন্তোষজনক কিনা? ■ উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের ক্ষেত্রে ঝুঁকির নিরীখে Enhanced Due Diligence (EDD) করা হয় কিনা?		
৬. বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা এবং প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা অনুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?	এ বিষয়ক নিজস্ব নীতিমালা প্রণয়ন করা হয়েছে কিনা? হলে উক্ত নীতিমালা শাখায় কিভাবে বাস্তবায়িত হচ্ছে?		
৭. প্রতিষ্ঠানে/শাখায় গ্রাহকের KYC Profile এর তথ্য বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা মোতাবেক সময়ে সময়ে পুনঃমূল্যায়নপূর্বক হালনাগাদ করে কিনা?	কী পদ্ধতিতে এরূপ মূল্যায়ন সম্পাদিত হয়ে থাকে?		
৮. সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (পরবর্তী সংশোধনীসহ) এর অধীন সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে শাখা/প্রধান কার্যালয় কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে?	■ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজলুশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্য ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার নামের তালিকা শাখায়/প্রধান কার্যালয়ে সংরক্ষণ ও তদানুসারে হিসাবের লেনদেন কার্যক্রম যাচাই করা হয় কিনা? ■ এরূপ কোন ব্যক্তি বা সত্তার নামে শাখা/প্রধান কার্যালয়/এজেন্ট কার্যালয়ে পরিচালিত হিসাব/পলিসির		

	(যদি থাকে) বিষয়ে বিএফআইইউ কে অবহিত করা হয় কিনা?		
৯. এ যাবৎ শাখা / প্রধান কার্যালয় কর্তৃক কতগুলো সন্দেহজনক লেনদেন (STR/SAR) শনাক্ত/রিপোর্ট করা হয়েছে?	প্রতিষ্ঠানে/শাখায় সন্দেহজনক লেনদেন চিহ্নিত করার কোন পদ্ধতি অনুসরণ করা হয় কিনা?		
১০. মানিলভারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন, সার্কুলার, প্রশিক্ষণ রেকর্ড, বিবরণী ও এতদসংক্রান্ত অন্যান্য বিষয়ের আলাদা নথি শাখা/প্রধান কার্যালয় কর্তৃক সংরক্ষণ করা হয় কিনা? আইন, সার্কুলার ইত্যাদির কপি শাখা/প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের সরবরাহ করা হয় কিনা?	সংরক্ষিত হয়ে থাকলে হ্যাঁ অথবা না হয়ে থাকলে না, আংশিক হলে কি কি সংরক্ষিত আছে তা লিখুন।		
১১. বিএফআইইউ সার্কুলার অনুসারে প্রতিষ্ঠানে/শাখায় PEPs, প্রভাবশালী ব্যক্তি, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার কোন হিসাব পরিচালিত হচ্ছে কিনা?	উত্তর হ্যাঁ হলে এই হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে কোন ধরনের সতর্কতা অবলম্বন করা হচ্ছে?		
১২. প্রতিষ্ঠানে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক পরিচালিত পূর্বের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ পরিপালন বিষয়ক দুর্বলতা/অনিয়মসমূহ নিয়মিত করা হয়েছে কিনা?	না হয়ে থাকলে প্রতিবন্ধকতাসমূহ কি কি?		

শাখার মানিলভারিং প্রতিরোধ পরিপালন (প্রযোজ্য ক্ষেত্রে) কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ	প্রতিষ্ঠানের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ
---	---